

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো
উপজেলা পরিসংখ্যান কার্যালয়
রামগঞ্জ, লক্ষ্মীপুর
bbs.ramganj.lakshmipur.gov.bd

নম্বর-৫২.০১.৫১৬৫.০০০.২৫.০০৪.২০.০০২(ক)

তারিখ : ১৮ আষাঢ় ১৪৩০ বঙ্গাব্দ
০৩ জুলাই ২০২৩ খ্রিষ্টাব্দ

বিষয় : ই-মেইল/অনলাইনের মাধ্যমে জনসংখ্যার প্রত্যয়নপত্র/সনদপত্র প্রদান সম্পর্কে অবহিতকরণ।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, এই কার্যালয় কর্তৃক ই-মেইল/অনলাইনের মাধ্যমে জনসংখ্যার প্রত্যয়নপত্র/সনদপত্র প্রদানের ব্যাপারে সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। এতে করে এ সংক্রান্ত নাগরিক দুর্ভোগ অনেকটাই কমে যাবে, সেবা গ্রহণ প্রক্রিয়া সহজ হবে এবং সশরীরে দপ্তরে আসার আর প্রয়োজন হবে না। তবে এর পাশাপাশি হার্ডকপির মাধ্যমে (পূর্বের প্রক্রিয়ায়) প্রতিষ্ঠান/দপ্তরের অফিসিয়াল প্যাড/লেটার হেড ব্যবহার করে আবেদন করেও উল্লিখিত প্রত্যয়নপত্র/সনদপত্র প্রাপ্তি চালু থাকবে। ভবিষ্যতে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার স্মার্ট বাংলাদেশের স্বপ্নকে বাস্তবে রূপ দেওয়ার জন্য অনলাইনে ওয়েবপোর্টালে গিয়ে আবেদনপত্র সাবমিট ও প্রত্যয়নপত্র/সনদপত্র ডাউনলোডের অপশনও চালু হবে বলে আশা করা যাচ্ছে।

উক্ত সেবা প্রাপ্তির জন্য সম্মানিত নাগরিকগণকে এই দপ্তরের ই-মেইল আইডিতে (usoramganj@gmail.com) 'জনসংখ্যার প্রত্যয়নপত্র/সনদপত্র প্রাপ্তির আবেদন' বিষয় উল্লেখ করে সেবা গ্রহীতার নাম (ব্যক্তি/প্রতিষ্ঠান/দপ্তর), পূর্ণ ঠিকানা, স্থাপিত হওয়ার বছর (প্রযোজ্য ক্ষেত্রে), প্রতিষ্ঠানের ক্ষেত্রে EIIN/কোড/রেজিস্ট্রেশন নম্বর, যোগাযোগের নম্বর (মোবাইল/ফোন), ই-মেইল আইডি এবং উপজেলার কোন এলাকার জনসংখ্যার তথ্য লাগবে তা উল্লেখপূর্বক ইমেইল প্রেরণ করতে হবে। ইংরেজি ভাষায় প্রত্যয়নপত্র/সনদপত্র চাইলে এসব তথ্য ইংরেজিতে উল্লেখ করতে হবে। এছাড়াও কোনো প্রতিষ্ঠান/দপ্তর চাইলে নিজেদের অফিসিয়াল প্যাড/লেটার হেডে দপ্তর প্রধান বরাবর এ সংক্রান্ত আবেদনপত্র লিখে/টাইপ করে কর্তৃপক্ষের স্বাক্ষরসহ স্ক্যান করে ই-মেইলের মাধ্যমে আবেদনপত্র প্রেরণ করতে পারবেন। আবেদন প্রাপ্তির অনধিক ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে প্রত্যয়নপত্র/সনদপত্র ই-মেইলের মাধ্যমে প্রদান করা হবে বলে আশা করা যাচ্ছে।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ এবং সার্বিক সহযোগিতা প্রদানের জন্য বিষয়টি সম্পর্কে অবহিত করা হলো।



০৩.০৭.২০২৩ খ্রি.

গৌতম কৃষ্ণ পাল

উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা (অ.দা.)

✉ usoramganj@gmail.com

উপপরিচালক

জেলা পরিসংখ্যান কার্যালয়

লক্ষ্মীপুর

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে) :-

- ১) পরিচালক, এফএ অ্যান্ড এমআইএস উইং, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, ঢাকা
- ২) যুগ্মপরিচালক, বিভাগীয় পরিসংখ্যান কার্যালয়, চট্টগ্রাম
- ৩) উপজেলা নির্বাহী অফিসার, রামগঞ্জ, লক্ষ্মীপুর
- ৪) ফোকাল পয়েন্ট কর্মকর্তা, এপিএ ২০২৩-২৪, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, ঢাকা
- ৫) কর্মকর্তা (সকল), রামগঞ্জ, লক্ষ্মীপুর
- ৬) অফিস কপি/নোটিশ বোর্ড/ওয়েবপোর্টাল (জনসাধারণকে অবহিতকরণের স্বার্থে)